

Question Bank for PG Course

বাংলা (Bengali)

চতুর্থ পত্র (Paper-IV)

Upanyas O Chhoto Galpa : PGBG-IV

1. 'রাজসিংহ' উপন্যাসে ঔরঙ্গজেব নির্মূলকুমারীকে কি নামে ডাকতেন ?
2. কানু রানুর চাইতে যত বছরের বড় ?
3. 'সংকেত' গল্পের চরিত্রগুলি উল্লেখ করুন।
4. 'চতুরঙ্গ' উপন্যাসে 'দামিনী' শীর্ষক অংশের কথক কে?
5. "শাল্বে আছে কুকুরকে প্রশয় দিলে মাথায় ওঠে।"- উক্তিটি কোন উপন্যাসে রয়েছে?
6. 'সংকেত' গল্পটি কোন ঋতুর প্রেক্ষাপটে রচিত হয়েছে?
7. রেকর্ডের গানগুলি কোন ধরনের গান ছিল ?
8. রাজসিংহের ঘোড়ার নাম কি ছিল?
9. "...শোকাগুনে আমি পুড়িতে লাগিলাম।"- এখানে 'আমি' কে?
10. "বীরপুরুষ স্ত্রী জাতির কখনও শত্রু নয়।"- উদ্ধৃতিটির বক্তা কে?
11. "কতদিন বলেছি, ওই দলটার সঙ্গে মিশিসনা। কথা শুনলেতো।"- উদ্ধৃতিটির বক্তা কে?
12. "আপনার পথের কাঁটা কে ?" বিষয়টি জানতে একটি লিখিত পত্র খামে ভরে যে তারিখ রাত্রিতে রাস্তা দিয়ে হাঁটার কথা বলা হয়েছে সেটি কত?
13. দোবরুপাল্লা তাঁদের বংশকে যে বংশের উত্তরসূরি বলে দাবি করেছিলেন- সেটি কী বংশ?
14. রাজসিংহ ও মোঘলদের মধ্যে যুদ্ধ ক'বছর চলেছিল?
15. 'রেকর্ড' গল্পে কথকের সঙ্গীর নাম কি ছিল?
16. বিমলা শহীদ বেদী দেখছেন যে গাছটির গা ঘেঁষে সেটি কি গাছ?
17. গনোরী তেওয়ারী পেশায় কি ছিল ?
18. 'পথের কাঁটা' গল্পে সত্যান্বেষী ব্যোমকেশ পুরস্কার স্বরূপ কি পেয়েছিলেন ?
19. "..... যেখানে মেয়েরা দুঃখ পাইবে সেইখানেই তারা হৃদয় দিতে প্রস্তুত।"- বক্তা কে?
20. 'আরণ্যক' উপন্যাসে উল্লেখিত বাঙালি ডাক্তারটি কে?
21. "আমি উদয়পুর হইতে আসিয়াছি।"- 'আমি' কে?

22. জগমোহন পাশ্চাত্যের যে গল্পকারের গল্প বাংলা করে ননীবালাকে শুনিয়েছিলেন সেটি কার রচিত?
23. শুষ্কার পারে জঙ্গলে যে গাছগুলির সুগন্ধ এসে আকাশকে ভারাক্রান্ত করেছিল তা কি ছিল?
24. বৃন্দাবনের গুরু মশায়ের নাম কি ছিল?
25. 'ক্ষুধিতপাষণ' গল্পটি যে পত্রিকায় প্রকাশিত হয়েছিল তার নাম কি?
26. "এই পৃথিবীতে আমি কেবল তোমায় ভালবাসিয়াছি কিন্তু তোমাকে পাইলাম না।"- উদ্ধৃতিটির বক্তা কে?
27. "তোমার পাপে আমার এমন দশা হয়েছে, ছেলে খেকো রাক্ষসী।"- মন্তব্যটি কার?
28. 'শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পের শুরুতে যে সালের মাঘ মাসের কথা বলা হয়েছে তা কোন সাল?
29. "ও স্টোভটা তুমি কেন আবার জ্বালতে গেলে বউমা।"- বউমা কে?
30. "কৃতার্থভাবে আনিটা হাতে তুলে নিয়ে টুডু সেই রোদ ঝলসানো মাঠের উপর উদ্দাম বেগে দৌড়ে চলে যেত গঙ্গা সাহুর দোকানে।"- টুডুর এই দৌড়ে যাওয়াকে লেখক কি বলেছেন?